179

দৈনিক ইত্তেফাক

তারিখ 16 NOV 1997

পৃষ্ঠা ৩ কলাম ৮

# রাজশাহী শিক্ষা বোর্ডে স্থগিত এইচএসসির পূর্ণাঙ্গ ফল প্রকাশিত হয় নাই

রাজশাহী অফিস ।। রাজশাহী শিক্ষা বোর্ডের ১৯৯৭ সালের স্থগিত এইচএসসি পরীক্ষার ফল প্রকাশিত হওয়ার পরও এখন আবার শোনা যাইতেছে এই ফল পূর্ণাঙ্গ নয়। ঢাকায় কম্পিউটার কেন্দ্রের কাছে টেলিফোন করিয়া ফল জানিয়া লইতে হইতেছে। গত সোমবার এই বিষয়ে রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষাসমূহের নিয়ন্ত্রক মুনসুর রহমানের সহিত যোগাযোগ করিলে তিনি ইহা স্বীকার করিয়াছেন। তিনি বলিয়াছেন, কোন কলেজ স্থগিত পরীক্ষার্থীর রোল নম্বর প্রেরণ করিলে তাঁহারা কম্পিউটার কেন্দ্রের সহিত ফোনে যোগাযোগ করিয়া ফল সংগ্রহ করিয়া সংশ্লিষ্ট কলেজকে তাহা জানাইয়া দিতেছেন। এই সংখ্যা আরও কত হইতে পারে তাহা তিনি বলিতে পারেন নাই। তিনি জানান, প্রতিদিনই বিভিন্ন কলেজ হইতে ফল জানিতে চাহিতেছে। তাই সঠিক সংখ্যা বলা সম্ভব নহে।

উল্লেখ্য, রাজশাহী শিক্ষা বোর্ড

( ৫ম পৃঃ দ্রঃ )

## রাজশাহী শিক্ষা বোর্ড

( ৩য় পৃঃ পর )

রিটেও ৬ হাজার ৬৭৪ জন পরীক্ষার্থীর ফল স্থগিত রাখিয়া ১১ই সেপ্টেম্বর ১৯৯৭ সালের এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ করে। গত ৩০শে অক্টোবর উপরোক্ত সংখ্যক রিটেও পরীক্ষার্থীর ফল প্রকাশ করা হয়। পাসের হার শতকরা ৬৬ জন। এখন দেখা যাইতেছে ফল প্রকাশিত হয় নাই এমন পরীক্ষার্থীও রহিয়া গিয়াছে। স্থগিত পরীক্ষার ফল প্রকাশের আন্দোলনের সময় উল্লেখ করা হয়, রাজশাহী শিক্ষা বোর্ড ১৮ হাজার পরীক্ষার্থীর ফল স্থগিত রাখিয়াছে। রাজশাহী শিক্ষা বোর্ড ইহা অস্বীকার করিয়া বিভিন্ন সময়ে বিভিন্ন তথ্য প্রদান করিয়াছে। পরীক্ষার ফল প্রকাশের পর বলা হইয়াছে এই সংখ্যা ৬ হাজার ৬৭৪।